


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়  
সুজানগর, পাবনা।

পত্র নং-৩৩.০২.৭৬৮৩.৫০১.৩৬.০০১.২১-১১৯

তারিখঃ ০৮.০৯.২০২২খ্রি.

সভার নোটিশ


অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৎস্য অধিদপ্তরের আওতাধীন জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক (জুলাই/২২-সেপ্টেম্বর/২২) মোঃ নূর কাজমীর জামান খান, উপজেলা মৎস্য কর্মকর্তা (চ.দা.) সভাপতিত্বে ১৯/০৯/২০২২ খ্রি. সকাল ১১.৩০ ঘটিকায় উপজেলা মৎস্য দপ্তর, সুজানগর, পাবনা অনুষ্ঠিত হবে। উল্লিখিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট সকলকে সভায় উপস্থিত থাকার অনুরোধ করা হলো।

  
(মোঃ নূর কাজমীর জামান খান)  
উপজেলা মৎস্য কর্মকর্তা (চ.দা.)  
সুজানগর, পাবনা  
তারিখঃ ০৮.০৯.২০২২খ্রি.

পত্র নং-৩৩.০২.৭৬৮৩.৫০১.৩৬.০০১.২১-১১৯/১(৪)

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো

- ১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ২। জেলা মৎস্য কর্মকর্তা, পাবনা।
- ৩। জনাব.....
- ৪। অফিস নথি।

  
উপজেলা মৎস্য কর্মকর্তা (চ.দা.)  
সুজানগর, পাবনা

## উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, সুজানগর, পাবনা কর্তৃক নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ নূর কাজমীর জামান খান, উপজেলা মৎস্য কর্মকর্তা (চ.দা.), সুজানগর, পাবনা।

স্থানঃ উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, সুজানগর, পাবনা।

তারিখঃ ১৯/০৯/২০২২ খ্রি.

সময়ঃ সকাল ১১.৩০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (রেজিস্টারে সংরক্ষিত)

অধ্যাকার সভা মোঃ নূর কাজমীর জামান খান, উপজেলা মৎস্য কর্মকর্তা, সুজানগর, পাবনা এর সভাপতিত্বে শুরু হয়।

সভাপতি সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার আলোচ্যসূচি মোতাবেক সভার কার্যক্রম শুরু করেন।

সভার শুরুতে উপজেলা মৎস্য কর্মকর্তা, সুজানগর, পাবনা সভায় উল্লেখ করেন নৈতিকতা (ইংরেজি: Morality), যার অর্থ হলো ভদ্রতা, চরিত্র, উত্তম আচরণ। এটি মূলত উদ্দেশ্য, সিদ্ধান্ত এবং কর্মের মধ্যকার ভালো খারাপ, উচিত-অনুচিত এর পার্থক্যকারী। নৈতিকতা হলো কোনো মানদণ্ড বা নীতিমালা যা নির্দিষ্ট কোন আদর্শ, ধর্ম বা সংস্কৃতি থেকে আসতে পারে। নৈতিকতাকে "সঠিকতা" বা "ন্যায্যতা"-ও বলা যায়। নৈতিকতা হলো নীতি, মূল্যবোধ এবং বিশ্বাসের একটি সেট যা একটি সমাজে বিদ্যমান এবং গ্রহণযোগ্য যা সঠিক বা অন্যথাটি প্রতিষ্ঠার জন্য আচরণ ও মূল্যায়নের একটি মডেল হিসাবে কাজ করে। এটি একটি সমাজের মধ্যে মানুষের আচরণের সাথে সম্পর্কিত ভাল-মন্দ সম্পর্কিত ধারণাগুলির বিভিন্ন স্তরের (দার্শনিক এবং সাংস্কৃতিক, অন্যদের মধ্যে) বিশ্লেষণকে কেন্দ্র করে।

তিনি সভাকে অবহিত করেন যে, ২০২২-২০২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে।

তিনি আরো উল্লেখ করেন যে, ২০২২-২০২৩ অর্থবছরে মোট ৫০ নম্বরের উপর মূল্যায়ন করবে। এ মূল্যায়ন ০৩ ভাগে বিভাজিত।

তিনটি ভাগের মধ্যে ১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থায় ২২ নম্বর, ২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়নে ৮ নম্বর এবং শুদ্ধাচার সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রমে ২০ নম্বর সহ সর্বমোট ৫০ নম্বর বরাদ্দ রয়েছে। তিনি সভায় আরো উল্লেখ করেন ২০২২-২০২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রমের উপর মোট ১০ নম্বর বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে যোগ হবে।

অতঃপর তিনি ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম কোয়ার্টার কার্যক্রমসমূহ সভায় উপস্থাপন করেন। কার্যপত্র অনুযায়ী ১ম কোয়ার্টারের কার্যক্রমসমূহের আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্র. নং	১ম কোয়ার্টার কার্যক্রমসমূহের নাম	আলোচনা/বিবরণ	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে
০১	নৈতিকতা কমিটির সভার আয়োজন	ক্ষেত্র সহকারী (রাজস্ব) জানান, ২০২২-২০২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ৪ কোয়ার্টারে ৪টি নৈতিকতা কমিটির সভা আয়োজন করতে হবে। ১ম কোয়ার্টারের ত্রৈমাসিক প্রতিবেদন সেপ্টেম্বরের মধ্যে জমা দিতে হবে।	প্রতি কোয়ার্টারে নৈতিকতা কমিটির ১টি করে মোট ৪ টি সভা আয়োজন করতে হবে।	সহকারী মৎস্য কর্মকর্তা
০২	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	ক্ষেত্র সহকারী (রাজস্ব) জানান, এ সভার গৃহীত সিদ্ধান্তসমূহ ধারাবাহিকভাবে বাস্তবায়ন করতে হবে।	সকল কাজের প্রমাণক সংগ্রহ করতে হবে।	সহকারী মৎস্য কর্মকর্তা ক্ষেত্র সহকারী (রাজস্ব) ক্ষেত্র সহকারী (এনএপিটি-২) ক্ষেত্র সহকারী (ইলিশ প্রকল্প)
০৩	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	ক্ষেত্র সহকারী (রাজস্ব) জানান, ২০২২-২০২৩ অর্থবছরে প্রতি কোয়ার্টারে ১০ জন করে মোট ৪০ জনকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ করাতে হবে।	প্রস্তুতকৃত প্রশিক্ষণ কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	ক্ষেত্র সহকারী (রাজস্ব)

০৪	কর্মপরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইডুস্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার- পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি)	এ বিষয়ে আলোচনায় অংশ নিয়ে ক্ষেত্র সহকারী (এনএটিপি) জানান যে, কর্মপরিবেশ উন্নয়নে অত্র দপ্তরের অকেজো মালামাল ইতিমধ্যে অপসারণ করা হয়েছে। পরিষ্কার পরিচ্ছন্নতা কায়দা চলমান রয়েছে। উপজেলা মৎস্য অফিসার বর্ণিত কায়দার বিষয়ে প্রমাণকসমূহ প্রস্তুত রাখার জন্য অনুরোধ করেন।	সকল কাজের প্রমাণক সংগ্রহ করতে হবে।	ক্ষেত্র সহকারী (রাজস্ব) ক্ষেত্র সহকারী (এনএপিটি-২) ক্ষেত্র সহকারী (ইলিশ প্রকল্প)
০৫	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন ওয়েবসাইটে আপলোডকরণ	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ ওয়েবসাইটে আপলোড করা হয়েছে এবং ১ম কোয়ার্টারের ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করতে হবে।	১ম কোয়ার্টারের ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করতে হবে।	ক্ষেত্র সহকারী (রাজস্ব)


সভায় উপরে উল্লেখিত প্রত্যেকটি কায়দার উপর বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(ক) ৩১ সেপ্টেম্বর, ২০২২ এর মধ্যে সকল কায়দা এর প্রমাণক আবশ্যিকভাবে জেলা মৎস্য দপ্তর, পাবনায় প্রেরণ করতে হবে

(খ) সকল প্রমাণক ওয়েবসাইটে আপলোড করতে হবে।

পরিশেষে সভায় উপজেলা মৎস্য কর্মকর্তা, সুজানগর, পাবনা নির্ধারিত সময়ের মধ্যে ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার  
কৌশল কর্মপরিকল্পনার ১ম কোয়ার্টার কায়দাসমূহ বাস্তবায়নপূর্বক যথাসময়ে জেলা মৎস্য দপ্তর, পাবনায় প্রতিবেদন প্রেরণের জন্য  
অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ নূর কাজী জামান খান)  
উপজেলা মৎস্য কর্মকর্তা (চ.দা.)  
সুজানগর, পাবনা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

স্মারক নং-৩৩.০২.৭৬৮৩.৫০১.৩৬.০০১.২১.১২৫/১(৩)

তারিখঃ ১৯/০৯/২০২২ খ্রি.

১) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।

২) জেলা মৎস্য দপ্তর, পাবনা।

৩) সংশ্লিষ্ট নথি।

  
উপজেলা মৎস্য কর্মকর্তা (চ.দা.)  
সুজানগর, পাবনা।

উপজেলা মৎস্য দপ্তর, সুজানগর, পাবনা এর কর্মকর্তা ও কর্মচারীগণের সম্মুখে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির  
১ম ত্রৈমাসিক (জুলাই/২২-সেপ্টেম্বর/২২) সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ মোঃ নূর কাজমীর জামান খান, উপজেলা মৎস্য কর্মকর্তা (চ.দা.), সুজানগর, পাবনা






স্থানঃ উপজেলা মৎস্য দপ্তর, সুজানগর, পাবনা

তারিখঃ ১৯/০৯/২০২২ খ্রি.

সময়ঃ ১১.৩০ ঘটিকা

পরিশিষ্ট “ক”

সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সদস্যগণের তালিকা

ক্রঃ নং	নাম পদবী ও কর্মস্থল	কমিটিতে পদবী	স্বাক্ষর
১	মোঃ নূর কাজমীর জামান খান উপজেলা মৎস্য কর্মকর্তা (চ.দা.) সুজানগর, পাবনা	সভাপতি	
২	খোকন কুমার বিশ্বাস ক্ষেত্রসহকারী সুজানগর, পাবনা	সদস্য	
৩	আজিনা খাতুন অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর সুজানগর, পাবনা	সদস্য	
৪	মোঃ রাজিবুল হাসান ক্ষেত্রসহকারী (এনএটিপি-২ প্রকল্প) সুজানগর, পাবনা	সদস্য	
৫	সবুজ কুমার ক্ষেত্রসহকারী (ইলিশ প্রকল্প) সুজানগর, পাবনা	সদস্য	
৬	মোঃ হাফিজুর রহমান অফিস সহায়ক সুজানগর, পাবনা	সদস্য	
৭	মোঃ সাইফুল ইসলাম সহকারী মৎস্য কর্মকর্তা সুজানগর, পাবনা	সদস্য সচিব	